গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
দেওয়ানগঞ্জ, জামালপুর।
www.dgfood.gov.bd

স্মারক নং:- ১৩.০১.৩৯১৫.০০৪.৫৭.০০৮.২৪-৪৪৬ তারিখ- ৩০/১০/২০২৪ খ্রি.।

# খোলাবাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রনালয়ের ০৭/১০/২০২৪ খ্রি. তারিখে সরকার কর্তৃক জারিকৃত খোলাবাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা, ২০২৪ অনুযায়ী দেওয়ানগঞ্জ পৌরসভায় ওএমএস ডিলারের মাধ্যমে খোলাবাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) কার্যক্রম পরিচালনার জন্য ওএমএস ডিলার নিয়োগ করা হবে। উক্ত কার্যক্রম পরিচালনার জন্য ওএমএস ডিলার হতে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে আগামী ১৩/১১/২০২৪ খ্রি. তারিখ রোজ বুধবার বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নস্বাক্ষরকারী বরাবর দরখাস্ত আহবান করা যাচ্ছে। দেওয়ানগঞ্জ পৌরসভায় নির্ধারিত নিম্নোক্ত ৬ (ছয়)টি স্থানে ৬ (ছয়) জন ওএমএস ডিলার নিয়োগ করা হবে।

নির্ধারিত বিক্রয়কেন্দ্রসমূহঃ ১। দেওয়ানগঞ্জ বাজার (সোনালী ব্যাংক রোড), ২। দেওয়ানগঞ্জ বাজার (হাইস্কুল রোড), ৩। বেলতলী বাজার, ৪। সুগারমিল বাজার, ৫। চিকাজানী চৌরাস্তা মোড়, ৬। জাম্বিল বাজার ।

## ডিলারের যোগ্যতা ও শর্তসমূহ:

১। বাংলাদেশের জাতীয় পরিচয়পত্রপ্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে যে কোন নাগরিক।
২। পৌরসভার ট্রেড লাইসেন্সধারী।
৩।খাদ্যশস্যের লাইসেন্সপ্রাপ্ত ব্যবসায়ী।
৪। কমপক্ষে ০৩ (তিন) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
৫।মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
৬। নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে ( ট্রাকে/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
৭। খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/ মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত /কালো তালিকাভুক্ত কোন ব্যক্তি আবেদন করতে পারবেন না।
৮। খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসেবে কর্মরত কোন ব্যক্তি / তার উপর নির্ভরশীল কেউ আবেদন করতে পারবেন না।
৯। প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/ কর্মচারী/ জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
১০। কোন ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশিপ ব্যতিত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না " মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে। এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে।
১১। ওএমএস ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।
১২। ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্টফোন ব্যবহারের সক্ষমতা থাকতে হবে।
১৩। খোলাবাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা, ২০১৫ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণ এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন। বিদ্যমান ডিলারের মধ্যে কেউ বর্তমান নীতিমালা অনুযায়ী যোগ্য বিবেচিত হলে তাকে নতুন ডিলার হিসেবে তালিকাভুক্তির জন্য বিবেচনা করা যাবে।
১৪। একজন প্রার্থী কেবলমাত্র একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে আবেদন করতে পারবেন।

## নির্ধারিত আবেদন ফরম প্রাপ্তি ও জমাদানের নিয়মাবলী :

১। খাদ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কোড ১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯ অন্যান্য আদায় খাতে অফেরতযোগ্য ৫০০/-জমা প্রদানের বিনিময়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস থেকে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করতে হবে।
২। আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের জন্য ওএমএস ডিলার হতে আগ্রহী আবেদনপত্রে সেই বিক্রয় কেন্দ্রের স্থান অবশ্যই উল্লেখ করতে হবে।
৩। নির্ধারিত আবেদন ফরমসহ চাহিত কাগজপত্রাদি খামে ভরে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর বরাবর আগামী ১৩/১১/২০২৪ খ্রি. তারিখ রোজ বুধবার বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে। খামের উপর বিক্রয়কেন্দ্রের নাম

আগামী ১৩/১১/২০২৪ খ্রি. তারিখ রোজ বুধবার বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে। খামের উপর বিক্রয়কেন্দ্রের নাম উল্লেখ করতে হবে।

৪। নির্বাচিত ডিলারকে ৫০,০০০/- ( পঞ্চাশ হাজার ) টাকার ফেরতযোগ্য জামানত পে-অর্ডার এর মাধ্যমে জমা প্রদান করতে হবে।

<u>নিম্নোক্ত কাগজপত্রসমূহ সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবেঃ</u>

ক)পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি।

খ) ফুডগ্রেইন লাইসেন্স এর ফটোকপি।

গ) ট্রেড লাইসেন্স এর ফটোকপি।

ঘ) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতা সনদপত্র।

ঙ) দোকানের মালিকানা/ ভাড়া সংক্রান্ত কাগজপত্রাদির ফটোকপি ।

চ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

ছ) নাগরিকত্ব সনদের ফটোকপি।

জ) অঙ্গীকারনামা ।

ঝ) ওএমএস ডিলার নিয়োগের আবেদন ফরম ক্রয়ের রশিদ ।

<u>জ্ঞাতব্য বিষয়াদি:</u>

১। ওএমএস ডিলারের লাইসেন্স এর মেয়াদ ০৫ (পাঁচ) বছর।

২। প্রয়োজনে কর্তৃপক্ষ বিজ্ঞপ্তির যে কোন শর্ত পরিবর্তন, সংশোধন বা বাতিল করতে পারবেন এবং ওএমএস ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৩। নির্বাচিত ডিলারকে ওএমএস নীতিমালা, ২০২৪ অনুযায়ী ওএমএস কার্যক্রম পরিচালনা করতে হবে।

৩০/১০/২৪

( শাহীনা আক্তার )
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য-সচিব
উপজেলা ওএমএস কমিটি
দেওয়ানগঞ্জ, জামালপুর।

স্মারক নং:- ১৩.০১.৩৯১৫.০০৪.৫৭.০০৮.২৪-৪৪৬

তারিখ- ৩০ /১০/২০২৪ খ্রি.।

অনুলিপি:- সদয় অবগতি/অবগতির জন্য।

১. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ ।

২. জেলা প্রশাসক, জামালপুর।

২. জেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর।

৩. উপজেলা নির্বাহী অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।

৩. জনাব ..............................................................,সদস্য,ওএমএস কমিটি, দেওয়ানগঞ্জ, জামালপুর।

৪. সম্পাদক/ প্রকাশক, দৈনিক........................................................................, জামালপুর।

৫. নোটিশ বোর্ড, অত্র দপ্তর

৬. অফিস কপি।

৩০/১০/২৪

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য-সচিব
উপজেলা ওএমএস কমিটি
দেওয়ানগঞ্জ, জামালপুর।